২.৪। উপজেলা কৃষি বিভাগ ঃ

(ক) উপজেলা কৃষি অফিসার, শার্শা, যশোর সভায় জানান যে, চলতি রবি-২০১৬-২০১৭ মৌসুমে বোরো আবাদের লক্ষ্যমাত্রা ছিল ২০৬০০ হেঃ জমি। অর্জিত হয়েছে ১৯৫০০ হেঃজমি। কিন্তু বর্তমান বৎসরে লক্ষ্যমাত্রার চেয়ে বোরো আবাদ বেশি হয়েছে। উফশী ১৯৭৬০ এবং হাইব্রীড ১৭৯০ হেঃ জমিতে আবাদ হয়েছে। এছাড়াও অন্যান্য ফসলের আবাদ ও উৎপাদন ভাল হয়েছে। অত্র উপজেলায় সরা সরবরাহের কোন ঘাটতি নেই। পর্যাপ্ত পরিমান সরার ডিলারদের দোকান মজুদ আছে। খরিপ-১/২০১৭ মৌসুমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে আউশ উফশী, মেরিকা, কুমড়া জাতীয় সরজীর মাছি পোকা দমন ও উন্নত ও সহিষ্ণুজাতের পাটের সার ও বীজ বিতরণ করা হবে। আউশ উফশী ১২৩০টি, নেরিকা ২৯০টি, কুমড়া জাতীয় সরজিতে মেক্স ফেরোসন ফাঁদ ২৫টি এবং উন্নত ও প্রতিকুল সহিষ্ণু জাতের পাট ১টি মোট ১৫৪৬ জন চাষীকে এই প্রণোদনার আওতায় আনা হয়েছে। এছাড়াও বিভিন্ন প্রকার প্রকল্পের আওতায় প্রদর্শনীর বীজ ও সার চাষীদের মাঝে বিতরণ করা হয়েছে।

উপরিউক্ত তথ্যের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হলোঃ

সিদ্ধান্ত ঃ (১) বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখাসহ কৃষকদের বিভিন্ন ফসল উৎপাদনে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, শার্শা, যশোরকে অনুরোধ জানানো হয়।

২.৫। উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর ঃ-

(ক) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শার্শা, যশোর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অতঃপর তিনি উপজেলা পরিবার পকিল্পনা বিভাগের আলোচ্য মাসের যে চিত্র তুলে ধরেন তা নিম্নরুপঃ

| সক্ষম দম্পতি | স্হায়ী পদ্ধতি | | | আইইউডি | ইমপ্ল্যান্ট | ইনজেকশন | খাবার বড়ি (চক্র) | কনডম (পিস) | এম আর | সিএআর % | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পুরুষ | মহিলা | মোট | | | | | | | | |
| ৭৭৬০৭ | ০০ | ২৫ | ২৫ | ৫০ | ৭২ | ৩২৭৭ | ১৬৪৪২ | ৩৩৮৫৫ | ০৯ | ৮০.০৬ | |

মা-শিশু স্বাস্থ্য ও সাধারণ রোগী সেবা

| গর্ভবতীর সংখ্যা | গর্ভবতীকালীন সেবা | প্রসব সেবা | প্রসবোত্তর সেবা | নবজাতকের সেবা | সাধারণ রোগী সেবা | শিশু স্বাস্থ্য সেবা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১৯৮০ | ১৫২৪ | ১১৮ | ৪৪৩ | ৪৩৮ | ৪৬৬৭ | ২৪৮৫ | |

সিদ্ধান্ত ঃ (১) বিভাগীয় কাজের বর্তমান ধারা অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়।

২.৬। উপজেলা প্রকৌশলীর দপ্তর ঃ-

(ক) আলোচনা ঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, মাননীয় সংসদ সদস্য মহোদয়ের পরামর্শক্রমে ও উপজেলা চেয়ারম্যান মহোদয় এবং উপজেলা নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সহিত আলোচনাক্রমে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)ও উপজেলা উন্নয়ন তহবিল এর স্কীম সমূহ যাচাই বাছিাই পূর্বক চুড়ান্ত অনুমোদনের জন্য নিম্নবর্ণিত স্কীমের তালিকা সভায় উপস্থাপন করেন। উল্লেখ্য যে, এডিপি বরাদ্দ ৬৮,৪৮,০০০ টাকা এবং উপজেলা উন্নয়ন খাতে ২,৩৫,০০,০০০/-সর্বমোট ৩,০৩.৪৮,০০০/= টাকা স্থিতি আছে। এবছর বন্যা ও অধিক বৃষ্টির কারণে অধিকাংশ রাস্তা ভেঙ্গে চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। বিধায়, উক্ত রাস্তা সংস্কার বা উন্নয়নের লক্ষ্যে এবছর বরাদ্দকৃত অর্থের মধ্যে বস্তুগত অবকাঠামো খাতে বেশি বরাদ্দ রাখার বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

এডিপি ঃ মোট বরাদ্দ =/৬৮. ৪৮ (লক্ষ টাকায়)

১। কৃষি ও ক্ষুদ্র সেচ ঃ

ক) নিরাপদ স্বজী উৎপাদন সেগ্র ফেরোমন ফাদ সরবরাহ করণ। টাকা= ২,০০,০০০/-

২। মৎস্য ও প্রাণি সম্পদ ঃ

ক) প্রদর্শনী পুকুর স্থাপন (কার্প মিশ্র চাষ) ও পানির গুনাগুন পরীক্ষার জন্য কীট যন্ত্রপাতি সরবরাহ করণ। টাকা=২,০০,০০০/-

৩। ক্ষুদ্র ও কাঠির শিল্প ঃ

ক) ক্ষুদ্র কুঠির শিল্প কর্মসূচি ও প্রশিক্ষণ টাকা=-২.০০,০০০/-

৪। বস্তুগত আবকাঠামো ঃ

ক) বড় মান্দারতলা সন্যাসী তলার তৈয়ব এর বাড়ি হতে বহিলাপোতা পাকার মোড় পর্যন্ত ০.৫৫৯ কিঃমিঃ রাস্তা উন্নয়ন। ( প্রথম অংশ) টাকা=৩৬,৭৭,৯৩৩/০০

৫। জনস্বাস্থ্যঃ পল্লী জনস্বাস্থ্য ঃ

ক) জলাতঙ্ক ভ্যাকসিন সরবরাহ করণ টাকা=৪,০০,০০০/-

চলমান পাতা-৩

৬। আর্থসামাজিক অবকাঠামো ঃ শিক্ষার উন্নয়ন ঃ

ক) শার্শা মডেল প্রাইমারি স্কুলের সীমানা প্রাচীর নির্মাণ টাকা=৩,৪০৭০৫/-
খ) মেইন রোড হতে শার্শা মডেল পাইলট হাইস্কুল গেট পর্যন্ত সড়ক উন্নয়ন টাকা=৩,৫৯,২৮৫/-
গ) বুরুজবাগান ফাজিল মাদ্রাসার ৩য় তলা ভবনের সম্প্রসারন উন্নয়ন। টাকা=৩,৬১,৬২৭/-

৭। স্বাস্থ্য ও সমাজ কল্যাণ ঃ

খ) ইউনিয়ন পরিষদে সেবা প্রদানকারী মোবাইল নম্বর সম্বলিত সাইন বোর্ড সরবরাহ করণ।টাকা=৩,০০,০০০/-

৮। যুব, ক্রীড়া ও সংস্কৃতি ঃ

ক) ক্রীড়া সামগ্রী ক্রয় টাকা=৩,০৮,৪৫০/-

৯। মহিলা ও শিশু কল্যান ঃ

ক) সমাজ কল্যান কার্যক্রম টাকা=৩,০০,০০০/-

১০। বিবিধঃ জন্ম-মৃত্যু কার্যক্রম ঃ

ক) আইটি পরিচালনা বেতন সহ অন্যান্য বিষয় সহ টাকা=২,০০,০০০/-

মোট টাকা=৬৮,৪৮,০০০/-

উপজেলা উন্নয়ন খাত ঃ মোট বরাদ্দ=২৩৫.০০ (লক্ষ টাকায়)

১। কৃষি ও ক্ষুদ্র সেচ ঃ

ক) মাটির স্বাস্থ্য রক্ষায় কম্পোস সার উৎপাদন টাকা=৩,০০,০০০/-

২। মৎস্য ও প্রাণি সম্পদ ঃ

ক) বিল নার্সারী স্থাপনে বিভিন্ন সামগ্রী সরবরাহ ও প্রশিক্ষণ টাকা=১,৫০,০০০/-
খ) বিভিন্ন ইউনিয়নে নিবিড় এফ,এম,ডি টিকা প্রদান। টাকা=৩,৫০,০০০/-

৩। ক্ষুদ্র ও কাঠির শিল্প ঃ

ক) ক্ষুদ্র কুঠির শিল্প কর্মসূচী ও প্রশিক্ষন টাকা=৩,০০,০০০/-

৪। বস্তুগত আবকাঠামো ঃ

ক) বড় মান্দারতলা সন্যাসী তলার তৈয়ব এর বাড়ি হতে বহিলাপোতা পাকার মোড় পর্যন্ত ০.৮৯৯ কিঃমিঃ রাস্তা উন্নয়ন ( দ্বিতীয় অংশ)। টাকা=৫৮,৬২,০৪১/-
খ) গোড়পাড়া পালবাড়ি মোড় হতে কদবেল তলা মোড় ভায়া স্বপনের বাড়ি পর্যন্ত সড়ক টাকা=১১,৭০,০০০/-
গ) উপজেলা পরিষদের অভ্যন্তরীন ড্রেন নির্মাণ, আরসিসি সড়ক নির্মাণ করণ, সিসি সড়ক নির্মাণ। টাকা= ৯,৭৫,৪১৩/-
ঘ) নাভারণ বাজারে পিভিসি পাইপ ও কামারবাড়ি মোড় হতে পূর্বপাশে বিভিন্ন বাড়ীর সামনের সড়কে আরসিসি পাইপ সরবরাহ করণ টাকা= ১,৫০,৯০৪/-
(ঙ) পাড়ের কায়বা জামালের বাড়ী হতে সর্দ্দারপাড়া জামে মসজিদ পর্যন্ত সড়ক নির্মাণ টাকা=১১,২৫,০০০/-
(চ) ডিহি ইউনিয়নের কেষ্টপুর গ্রামের ব্রীজ হতে কাদেরের বাড়ি পর্যন্ত সড়ক নির্মাণ টাকা=১৭,৮৯,৭৭৬/-
(ছ) শার্শা ইউনিয়নের বলিদাদহ গ্রামের পশ্চিমপাড়া আনসারের বাড়ি হতে মসলেম এর বাড়ি পর্যন্ত সড়ক নির্মাণ টাকা=১১,২৫,০০০/-
(জ) উলাশী ইউনিয়নের কন্যাদাহ গ্রামের আতিয়ারের জমি হতে ইয়াকুবের জমি পর্যন্ত সড়ক নির্মাণ টাকা=১১,২৫,০০০/-
(ঝ) বালুন্ডা কবিরাজের বাড়ির মোড় হতে হাফেজী এতিমখানা পর্যন্ত সড়ক নির্মাণ টাকা=১১,২৫,০০০/-

৫। জনস্বাস্থ্যঃ পল্লী জনস্বাস্থ্য ঃ

ক) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সেনেটারী ল্যাট্রিন নির্মাণ টাকা=৯,০০,০০০/-
(খ) গোড়পাড়া পুলিশ ক্যাম্প এ পানির লাইন সহ বাথরুম সংস্কর টাকা=১,৭৭,৮৬৬/-

৬। আর্থসামাজিক অবকাঠামো ঃ

ক) লক্ষনপুর কলেজিয়েট স্কুলের টিনসেড বিল্ডিং এর দরজা ও জানালা তৈরী করণ টাকা=২,০০,০০০/-
খ) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ ও ফ্যান সরবরাহ টাকা=১২,০০,০০০/-
গ) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাপটপ, প্রিন্টার ও প্রজেক্টর সরবরাহ করণ, স্কুলের শিক্ষার্থীদের পোষাক,ও শিক্ষার উপকরন সরবরাহ, ডিজিটাল হাজিরা সিস্টিম চালু করণ টাকা=২০,০০,০০০/-

চলমান পাতা-৪

ঘ) পাকশিয়া আইডিয়াল কলেজে কলাপসিবল গেট ও গ্রীল নির্মাণ। টাকা= ৩৩,০০০/-

ঙ) পাকশিয়া বালিকা বিদ্যালয় মেরামত। টাকা= ৫১,০০০/-

চ) চালিতাবাড়িয়া আরডি মাধ্যমিক বিদ্যালয়ের শ্রেণি কক্ষ সংস্কার, সাইকেল গ্যারেজ নির্মাণ ও সীমানা প্রাচীর নির্মাণ টাকা=১,৫০,০০০/-

ছ) জামতলা ডিএসটি মাধ্যমিক বিদ্যালয়ের শ্রেণি কক্ষ সংস্কার, সাইকেল গ্যারেজ নির্মাণ। টাকা=১,৫০,০০০/-

৭। স্বাস্থ্য ও সমাজ কল্যান ঃ

ক) পরিবার পরিকল্পনা কার্যালয় এর বহুল ব্যবহারের জন্য ল্যাপটপ ও প্রজেক্টর সরবরাহ, ডাইবেটিকস পরিবারের জন্য গ্লুকোনিয়া সরবরাহ, Voice Call এর মাধ্যমে গর্ভবতী মায়েদের স্বাস্থ্য সেবা বিষয়ক Soft wireবিতরন। টাকা=৭,০০,০০০/-

৮। যুব, ক্রীড়া ও সংস্কৃতি ঃ

ক) ক্রীড়া সামগ্রী ক্রয় টাকা=৪,০০,০০০/-

খ) যুবকদের প্রশিক্ষণ ও আয়বর্ধক কর্মকান্ড টাকা=৩,০০,০০০/-

৯। মহিলা ও শিশু কল্যাণ ঃ

ক) সমাজ কল্যাণ টাকা=৪,০০,০০০/-

১০। বিবিধ ঃ জন্ম মৃত্যু কার্যক্রম ঃ

ক) ভিক্ষক মুক্ত, পুনর্বাসন ও আয়বর্ধক কার্যক্রম টাকা=৭,০০,০০০/-

খ) নারী উন্নয়ন ফোরাম টাকা=৪,০০,০০০/-

গ) স্কাউট্স টাকা=১,০০,০০০/-

ঘ) দরপত্র সংক্রান্ত ও আনুষাংগিক ব্যয় টাকা=১,০০,০০০/-

মোট টাকা=২৩৫,০০,০০০/-

সিদ্ধান্ত ঃ স্কীমগুলির উপর বিস্তারিত আলোচনান্তে স্কীমগুলির সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। এডিপি ৪(ক), ৬(ক) (খ) ও (গ) LTM পদ্ধতিতে (শুধুমাত্র উপজেলা পরিষদের তালিকাভুক্ত ঠিকাদারগণের অংশ গ্রহনে) দরপত্র আহবান ও অবশিষ্ট গুলি পিআইসি/সরাসরি ক্রয়। এবং উপজেলা উন্নয়ন তহবিলের ৪(ক) (খ) (গ) (ঘ) (ঙ) (চ) (ছ) (জ) ও (ঝ) এবং ৫(ক) ৬(খ) (গ) ৭(ক) LTM পদ্ধতিতে (শুধুমাত্র উপজেলা পরিষদের তালিকাভুক্ত ঠিকাদারগণের অংশ গ্রহনে) দরপত্র আহবান ও অবশিষ্ট গুলি পিআইসি/সরাসরি ক্রয় এর মাধ্যমে স্কীমগুলি বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) আলোচনা ঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাস ভবনের দেওয়ালে ফাটল ও পানির লাইন জরুরী মেরামত করা প্রয়োজন মর্মে =২৫,০০০/- টাকার প্রাক্কলন সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত ঃ এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও আলোচনান্তে উপজেলা চেয়ারম্যানের বাস ভবনের দেওয়ালে ফাটল ও পানির লাইন জরুরী ভিত্তিতে মেরামতের জন্য =২৫,০০০/-টাকার প্রাক্কলন অনুমোদন'সহ উপজেলা রাজস্ব খাত হতে ব্যয়ের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) রাজস্ব খাতঃ

আলোচনা ঃ উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি,যশোর এঁর স্মারক নং-এলজিইডি/নিঃপ্রঃ/যশোর/২০১৭/৬৫৪, তারিখ ১৪/০২/২০১৭ ইং মোতাবেক (১) উপজেলা পরিষদের গেট নির্মাণ ১৭,৫০,০০০/= ও (২) উপজেলা পরিষদ গেট সংলগ্ন এ্যাপ্রোচ সড়ক নির্মাণ ২,৫০,০০০/= টাকার ২টি স্কিমের প্রাক্কলনসহ কারিগরি অনুমোদন পাওয়া গেছে।

সিদ্ধান্ত ঃ উক্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে নির্বাহী প্রকৌশলী, এইজিইডি, যশোর কর্তৃক অনুমোদিত প্রাক্কলনসহ কারিগরি প্রতিবেদন সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা মহোদয় বরাবর প্রেরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

২.৭। উপজেলা শিক্ষা অফিস ঃ

(১) উপজেলা শিক্ষা অফিসার(ভারপ্রাপ্ত), শার্শা, যশোর কর্তৃক দাখিলকৃত তার বিভাগের আলোচ্য মাসের কার্যপত্রে দেখা যায় উক্ত বিভাগ কর্তৃক আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ও শহীদ দিবস যথাযথভাবে পালন করা হয়েছে। ৯টি প্রাথমিক বিদ্যালয়ে সংস্কার ও মেরামতে কাজ সম্পন্ন হয়েছে। জরীপকৃত শিশু ৪৩৫১৭ জন এবং ১০০% ভর্তি সম্পন্ন হয়েছে।

(২) উপজেলা শিক্ষা অফিসার(ভারপ্রাপ্ত), শার্শা, যশোর সভায় আরও জানান যে, শিকারপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এস এম সি গঠনের নিমিত্তে প্রধান শিক্ষক দাতা সদস্য ক্যাটাগরিতে ০৩(তিন) জন্য দাতার নাম প্রেরণ করেছে। তিনি প্রেরণকৃত ৩(তিন) জনের নাম সভায় উপস্থাপন করেন এবং উক্ত ৩(তিন) জনের মধ্য থেকে একজনকে দাতা সদস্য হিসেবে অনুমোদনের জন্য সভায় প্রস্তাব উপস্থাপন করেন।

উপরিউক্ত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-৫